"শিল্পে প্রাকৃতিক গ্যাস
গৃহস্থালীতে বিকল্প জ্বালানী"

"বিদ্যুৎ ও জ্বালানী নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার"

**বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)**
বাপেক্স ভবন, ৪ কাওরান বাজার বা/এ, ঢাকা
www.bapex.com.bd

সূত্র নম্বর : ২৮.০৯.০০০০.০১২.৪৫.০০১.২২

তারিখ: ৩০-১০-২০২২

**বিষয়ঃ কোম্পানির জন্য প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (২০২২-২০২৩) এর দ্বিতীয় কোয়ার্টারের সভার কার্য বিবরণি।**

সভাস্থল : কমিটি কক্ষ, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর
তারিখ : ৩০ অক্টোবর ২০২২
উপস্থিতি : পরিশিষ্ট 'ক' এ সন্নিবেশিত

৩০ অক্টোবর ২০২২ তারিখ বিকাল ১১:০০ ঘটিকায় কোম্পানির জন্য প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (২০২২-২০২৩) এর দ্বিতীয় কোয়ার্টারের সভা ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তরে অবস্থিত কমিটি কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় কমিটির সকল সদস্য উপস্থিত ছিলেন। মহাব্যবস্থাপক (প্রশাসন) ও সংশ্লিষ্ট কমিটির আহবায়ক সবাইকে বিগত অর্থ বছরে প্রণীত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বস্তবায়নে সার্বিক সহযোগিতা ও কর্তব্য নিষ্ঠার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। অতঃপর তিনি চলতি অর্থ বছরের লক্ষ্যমাত্রা অর্জনে কমিটির সকল সদস্য ও সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের পূর্ববর্তী বছরের ন্যায় সার্বিক সহযোগিতা প্রত্যাশা করে সভার কাজ আরম্ভ করার জন্য উপমহাব্যবস্থাপক (এইচআরএম) এবং শুদ্ধাচার কমিটির সদস্য সচিব ও ফোকাল পয়েন্টকে আহবান জানান। সদস্য সচিব তদানুযায়ী সভার কার্যক্রম পরিচালনা করেন।

**আলোচ্য বিষয়:**

**(ক)** উপমহাব্যবস্থাপক (এইচআরএম) এবং শুদ্ধাচার কমিটির ফোকাল পয়েন্ট সভায় অবহিত করেন যে, বাপেক্স কর্তৃক ২০২২-২০২৩ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন করে ইতোমধ্যে পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে। প্রণীত কর্মপরিকল্পনায় প্রতিটি কোয়ার্টারে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা গৃহীত হয়েছে। উক্ত কর্মপরিকল্পনা বাস্তবায়নে নৈতিকতা কমিটি, বিভিন্ন বিভাগ/দপ্তর ও কর্মকর্তা/কর্মচারীবৃন্দের সক্রিয় অংশগ্রহণ একান্ত কাম্য। কমিটির সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট সভায় অবহিত করেন যে, দ্বিতীয় কোয়ার্টারে নিয়মিত কাজের পাশাপাশি সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা, শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন, টিওএন্ডটিভূক্ত অকেজো মালামাল নিস্পত্তিকরণ, সেবা প্রদানের ক্ষেত্রে রেজিষ্ট্রারে সেবা গ্রহিতার মতামত সংরক্ষণ, শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং আঞ্চলিক কার্যালয়/গ্যাসক্ষেত্রে শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক প্রশিক্ষণ/সচেতনতা মূলক কার্যক্রম সম্পাদন করতে হবেঃ

**(খ)** অতঃপর সভায় বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনার পর চলতি অর্থ বছরের দ্বিতীয় কোয়ার্টারে বাস্তবায়নের জন্য কর্মপরিকল্পা অনুসরণে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নম্বর | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/বিভাগ |
|---|---|---|---|
| ১। | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা আয়োজন | বাপেক্স ও সংশ্লিষ্ট সিষ্টার কোম্পানী এবং অন্যান্য স্টেকহোল্ডারদের সমন্বয়ে সভা আয়োজন করা হবে। | নৈতিকতা কমিটি |

| ক্রমিক নম্বর | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/বিভাগ |
|---|---|---|---|
| ২। | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন | কোম্পানীর কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন করা হবে। | উপমহাব্যবস্থাপক (এইচারএম) |
| ৩। | সেবা প্রদানের ক্ষেত্রে রেজিষ্ট্রারে সেবা গ্রহিতার মতামত সংরক্ষণ। | সেবা প্রদানের ক্ষেত্রে যে বিভাগ/উপবিভাগ গ্রহক পর্যায়ে সেবা প্রদান করে থাকে এরূপ বিভাগ/উপবিভাগের মধ্য থেকে নির্মাণ বিভাগ ও স্থানীয় উপবিভাগ কর্তৃক রেজিষ্ট্রারে সেবা গ্রহিতার মতামত সংরক্ষণ করবে। | মহাব্যবস্থাপক (নির্মাণ) ও উপমহাব্যবস্থাপক (স্থানীয় ক্রয়) |
| ৪। | টিওএন্ডটিভূক্ত অকেজো মালামাল নিস্পত্তিকরণ। | কোম্পানীর টিওএন্ডটিভূক্ত অকেজো মালামাল নিস্পত্তি/নিলাম সম্পন্ন করতে হবে। | সংশ্লিষ্ট কমিটি/ বিভাগ |
| ৫। | আঞ্চলিক কার্যালয়/গ্যাসক্ষেত্রে শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক প্রশিক্ষণ/ সচেতনতা মূলক কার্যক্রম গ্রহণ। | সংশ্লিষ্ট কমিটি আঞ্চলিক কার্যালয়/গ্যাসক্ষেত্রে শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক প্রশিক্ষণ/ সচেতনতা মূলক কার্যক্রম গ্রহণ করবে। | সংশ্লিষ্ট কমিটি |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

৩০/১০/২২
(মোঃ সরওয়ার হামিদ)
ব্যবস্থাপক (ভূতত্ত্ব)
সদস্য

৩০/১০/২২
(মোহাম্মদ কামরুজ্জামান)
উপমহাব্যবস্থাপক (ক্রয়)
সদস্য

30/10/2022
(কাজী মাহবুবুল আলম)
উপ-মহাব্যবস্থাপক(এইচআরএম)
সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট

30.10.22
(মোহাম্মদ আহসানুল আমিন)
উপমহাব্যবস্থাপক (আইসিটি)
সদস্য

৩০/১০/২২
(মোঃ আব্দুর রউফ)
মহাব্যবস্থাপক (প্রকৌশল)
সদস্য

৩০/১০/22
(এস.এম. তারিকুল ইসলাম)
মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ)
সদস্য

৩০.১০.২০22
(মোহাম্মদ আবুল বশর)
মহাব্যবস্থাপক (প্রশাসন) ও
আহ্বায়ক